**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ রাতের মধ্যেই রাজ্যের সর্বত্র বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার নির্দেশ দিয়েছেন ।**

**(২) ত্রিপুরার সঙ্গে বহির্রাজ্যের রেল যোগাযোগ বন্ধ থাকলেও সড়কপথে যান চলাচল শুরু হয়েছে ।**

**(৩) অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম এবং চূড়ান্ত পর্বের প্রচার আগামীকাল শেষ হচ্ছে ।**

**(৪) ঘরোয়া প্রথম ডিভিশন ক্রিকেটের সুপার ফোরের একটি খেলা আজ ড্র হয়েছে। অপর খেলাটি বাতিল হয়ে যায় ।**

**************************************

**Ratanlal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের প্রধান কার্যালয়ে গোটা রাজ্যের এডিশনাল জেনারেল ম্যানেজার এবং ডেপুটি জেনারেল ম্যানেজারদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিদ্যুৎ বিপর্যয়জনিত পরিস্থিতি খতিয়ে দেখেন। তাঁর সঙ্গে নিগমের ব্যবস্থাপক অধিকর্তা, মহাপ্রবন্ধকসহ অন্যান্য

আধিকারিকরাও উপস্থিত ছিলেন। পরিস্থিতি সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত হবার পর, মন্ত্রী শ্রী নাথ, আজ রাতের মধ্যেই রাজ্যের সর্বত্র বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার নির্দেশ দেন। ঘূর্ণিঝড়-বৃষ্টি পরবর্তী পরিস্থিতিতে বিদ্যুৎ পরিষেবা ব্যাহত হবার ফলে অসুবিধার সম্মুখীন হওয়ায় তিনি রাজ্যবাসীর কাছে দুঃখ প্রকাশ করেন। এক্ষেত্রে রাজ্যবাসীর সহযোগিতা কামনা করেন তিনি।

**************************

**Rail & Road :**

দক্ষিণ আসামের পাহাড় লাইনে সম্প্রতি রেমালের প্রভাবে প্রবল বৃষ্টিপাতের ফলে আসামের হাফলং ও ডিটেকছড়ার মধ্যে রেল টানেলে জমে যাওয়া জল সরানো হয়েছে, রেল লাইন পরিষ্কার করা হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জন সংযোগ আধিকারীক সব্যসাচী দে আজ সন্ধ্যায় জানিয়েছেন, রেল লাইন ও টানেল পরিষ্কার হলেও বিস্তির্ণ এলাকায় নতুন করে বৃষ্টি হওয়ায় পাহাড় লাইনে বেশ কিছু এলাকায় জল জমেছে। তিনি জানান, নিউ হারাঙ্গাজাও ও বান্দারখাল ষ্টেশনের মাঝে একটি রেল সেতুর নিচে বয়ে যাওয়া নদীতে জল বিপদ সীমার উপর দিয়ে বইছে। নিরাপত্তার কারনেই এখনও ট্রেন পরিষেবা চালু করা যাচ্ছে না বলে তিনি জানান। তিনি জানান, এই রুটে আরও কিছু ট্রেন বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এদিকে, আগরতলা রেল স্টেশনের স্টেশন মাষ্টার চন্দ্র মোহন শাহু জানিয়েছেন, আগরতলা লামডিং রুটে আজ কোন ট্রেন চলাচল করেনি। আগরতলা থেকে দূরপাল্লার দুটো ট্রেন এলটিটি এক্সপ্রেস এবং কাঞ্চনঝঙ্গা এক্সপ্রেসের যাত্রা বাতিল করা হয়েছে। এই দুটি ট্রেন আগামী কাল সকালে আগরতলা থেকে যাত্রা করার কথা ছিল। তবে ত্রিপুরাসুন্দরী যাত্রীবাহী ট্রেনটি আগামীকাল বিকাল সাড়ে তিনটায় আগরতলা থেকে যাত্রা করার কথা রয়েছে।

আসাম আগরতলা জাতীয় সড়কের সোনাপুর এলাকায় টানেলে গতকাল রাতে ধ্বস পড়ায় গাড়ি চলাচল বন্ধ হয়েছিল। পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানিয়েছেন, আজ ধ্বস পরিষ্কার করে যান চলাচল শুরু হয়েছে।

**************************

**C.E.O visit-Sepahijala :**

নির্বাচন কমিশনের নির্ঘন্ট অনুযায়ী আগামী চৌঠা জুন অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনা। ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল আজ সিপাহীজলা জেলার বিশালগড় ও সোনামুড়া মহকুমার স্ট্রং রুম ও কাউন্টিং হল পরিদর্শন করেছেন। তার সঙ্গে ছিলেন জেলার নির্বাচনী আধিকারিক তথা সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, জেলার পুলিশ সুপার বি.জে রেড্ডি সহ জেলার অন্তর্গত ২টি মহকুমার ৭টি বিধানসভা কেন্দ্রের ARO-রা। উল্লেখ্য আগামী ৪ তারিখ সিপাহীজলা জেলার ৩টি মহকুমার পৃথক ৩টি গণনা কেন্দ্রের ৯টি কাউন্টিং হলেও ভোট গণনা হবে ৯টি বিধানসভা ক্ষেত্রের। তার মধ্যে বিশালগড় মহকুমা শাসক অফিসের গণনা কেন্দ্রে গণনা হবে বিশালগড় মহকুমার ৩টি বিধানসভা ক্ষেত্রের ভোট। অপর দিকে সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের গণনা কেন্দ্রে ভোট গণনা হবে সোনামুড়া মহকুমার ৪টি বিধানসভা ক্ষেত্রের। আজ প্রথমে বিশালগড় ও পরে সোনামুড়ার গণনা কেন্দ্র পরিদর্শন করেন মুখ্য নির্বাচনী আধিকারিক। তিনি জানান প্রতিটি ভোট গণনা কেন্দ্রে থাকবে ত্রি-স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। এর মধ্যে প্রথমে থাকবে সি.এ.পি.এফ।

তারপর রাজ্যের সশস্ত্র পুলিশ বাহিনী ও বাইরের নিরাপত্তায় রাজ্য পুলিশ নিয়োজিত থাকবে।

*****************************

**CM Hospital Visit :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার রেন্টার্স কলোনিস্থিত নেতাজি সুভাষ স্টেট হোমিওপ্যাথিক হাসপাতাল পরিদর্শন করেন। হাসপাতালে চিকিৎসা পরিষেবায় যে সমস্ত সমস্যা রয়েছে সেই সম্পর্কে তিনি অবহিত হন। মুখ্যমন্ত্রী কর্তব্যরত চিকিৎসক ও হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের সঙ্গেও কথা বলেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে। এরপর মুখ্যমন্ত্রী আগরতলার রিপস্যাট কলেজটিও পরিদর্শন করেন।

*****************************

**Meeting in c/w Counting :**

ঊনকোটি জেলায় লোকসভা নির্বাচনের ভোট গননা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ কৈলাশহরের জেলা শাসক কার্যালয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমার পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে উপস্থিত ছিলেন ঊনকোটি জেলার পুলিশ সুপার কান্তা জানগির, জেলার দুই অতিরিক্ত জেলা শাসক দশরথ দেববর্মা ও অর্ঘ্য সাহা, কৈলাশহর ও কুমারঘাটের মহকুমা শাসকগণ। তাছাড়া B.J.P, কংগ্রেস, C.P.I(M), তৃনমূল কংগ্রেস ও তিপরা মথার প্রতিনিধিরাও বৈঠকে অংশ নেন। জেলাশাসক এই বৈঠকে ভোটগণনাপর্ব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে করার লক্ষ্যে প্রশাসনিক

পদক্ষেপ সম্পর্কে আলোকপাত করেন। তাছাড়া ভোটগণনা প্রক্রিয়া বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশিকা কঠোরভাবে মেনে চলার উপরও বৈঠকে গুরুত্বারোপ করা হয়। বৈঠক শেষে ঊনকোটি জেলার পুলিশ সুপার কান্তা জানগির আকাশবাণীর জেলা সংবাদ প্রতিনিধি অনুপম ভট্টাচার্যকে জানান, নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে ভোটগণনাপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের গননা কেন্দ্রে থাকবে ত্রি-স্তরীয় নিরাপত্তা বলয়। গননাপর্ব ঘিরে সর্বত্র শান্তি-সুস্থিতি বজায় রাখতে যথাযথ পদক্ষেপ নেওয়া হয়েছে। এক্ষেত্রে এক কোম্পানি CRPF, 550 থেকে 600 জন T.S.R এবং জেলা পুলিশকে আইন-শৃঙ্খলা রক্ষায় কাজে লাগানো হবে বলে তিনি জানান।

**************************

**Campaign :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম এবং চূড়ান্ত পর্বের প্রচার আগামীকাল বিকেলে সংসদীয় আসনে ভোট হবে পয়লা জুন। এই পর্বে মোট ৯০৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

প্রধানমন্ত্রী ও বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি বলেছেন যে যুক্তরাষ্ট্র, ইউরোপ বা জাপান যেই হোকনা কেন, সবাই আজ ভারতকে সম্মানের চোখে দেখে। পশ্চিমবঙ্গের মথুরাপুরে একটি নির্বাচনী জনসভায় ভাষণ দিতে গিয়ে শ্রী মোদি দাবি করেন এটা সম্ভব হয়েছে বিজেপির নেতৃত্বাধীন এনডিএ সরকারের জন্য। তাঁর সরকারের সাফল্যের তালিকা তুলে ধরেন প্রধানমন্ত্রী।

বিহারে, বরিষ্ঠ বিজেপি নেতা, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এনডিএ প্রার্থীর পক্ষে কারাকাট সংসদীয় কেন্দ্রের বিক্রমগঞ্জে জনসভা করেন। বক্সার এবং পাটনা সাহেব লোকসভা কেন্দ্রেও তিনি জনসভায় যোগ দেন। জেহানাবাদ কেন্দ্রে জনসভায় যোগ দিচ্ছেন বিজেপির রাজ্য সভাপতি ও উপমুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী। কারাকাট, নালন্দা, সাসারাম এবং পাটলিপুত্র লোকসভা কেন্দ্রে জনসভায় ভাষণ দেন তিনি।

লোক জনশক্তি পার্টি রামবিলাস প্রধান চিরাগ পাসোয়ান সাসারাম সংসদীয় কেন্দ্রের চেনারিতে জনসভায় ভাষণ দেন।

উত্তরপ্রদেশে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ কয়েকটি জনসভা ও রোডশোতে অংশ নেন।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আজ কুশীনগরে একটি রাজনৈতিক সমাবেশে দাবি করেন যে, শুধুমাত্র বিজেপিই দেশের সীমানা রক্ষা করতে সক্ষম।

দেওরিয়া ও গোরখপুর জেলাতেও প্রচারে অংশ নেন তিনি।

অন্যদিকে সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব দুধী বিধানসভা কেন্দ্রে দলীয় প্রার্থীর পক্ষে প্রচার করেন। পরে তিনি রবার্টসগঞ্জ ও মির্জাপুর লোকসভা কেন্দ্রেও জনসভায় ভাষণ দেন।

প্রবীণ কংগ্রেস নেতা রাহুল গান্ধী অভিযোগ করেন যে পাঞ্জাবে মাদকের গুরুতর সমস্যা রয়েছে এবং তা বৃদ্ধি পাচ্ছে। আজ লুধিয়ানায় একটি নির্বাচনী সমাবেশে ভাষণ দিয়ে তিনি এই বিষয়ে কঠোর পদক্ষেপ নেওয়ার প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি কৃষকদের ন্যূনতম সহায়ক মূল্য বাস্তবায়নের প্রতিশ্রুতি দিয়ে বলেন যে কৃষকদের ঋণও মুকুব করা হবে।

****************************

**Mizoram Landslide :**

মিজোরামের আইজল জেলায় একাধিক ভূমিধসে মৃতের সংখ্যা ২৯শে পৌঁছেছে। আজ দুটি স্থান থেকে আরও দুটি মৃতদেহ উদ্ধার করা হয়।

আইজলের পুলিশ সুপার রাহুল আলওয়াল বলেছেন যে আজ আইজলের দক্ষিণ উপকণ্ঠে মেলথুম এবং হ্লিমেন এলাকায় ধ্বংসাবশেষ থেকে একটি করে মৃতদেহ উদ্ধার করা হয়েছে। এরই সঙ্গে মৃতের সংখ্যা বেড়ে মেলথুমে ১৫ এবং হ্লিমেনে ৫ জনে দাঁড়িয়েছে।

তিনি বলেন, আরও সাতজন এখনও বিভিন্ন স্থানে ধ্বংসস্তূপের নিচে আটকে আছে বলে মনে করা হচ্ছে।

আইজলের জেলা প্রশাসক নাজুক কুমার বলেছেন যে অনুসন্ধান ও উদ্ধার অভিযান এখনও চলছে এবং নিখোঁজদের খুঁজে না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

*************************

**North Tripura-All Party :**

উত্তর ত্রিপুরা জেলায় পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনের ভোট গণনার কাজ নিয়ে আজ উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় পৌরহিত্য করেন জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন। বিজেপি ও সিপিআই(এম) দলের প্রতিনিধিগনের উপস্থিতিতে এই বৈঠকে শ্রী

বর্ধন গণনাকার্য সুষ্‌ঠুভাবে সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ভোট গণনার কাজ সংক্রান্ত বিভিন্ন নির্দেশিকা নিয়েও বৈঠকে আলোচনা করেন। উপস্থিত ছিলেন উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস ও সুভাষ চন্দ্র সাহা, ধর্মনগর, পানিসাগর, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসকগণ।

****************************

**Congress Deputation :**

প্রদেশ কংগ্রেসের সদর জেলা কমিটির পক্ষ থেকে আজ বিদ্যুৎ পরিসেবা স্বাভাবিক করার দাবিতে বিক্ষোভ মিছিল করা হয়। দলের প্রতিনিধিরা ভুতুরিয়াস্থিত বিদ্যুৎ নিগম কার্যালয়ে এক ডেপুটেশনে মিলিত হন। প্রতিনিধি দলে ছিলেন কংগ্রেস নেতা পার্থ আচার্য্য, যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা, নারী নেত্রী শ্রেয়সী লস্কর প্রমুখ।

**************************

**Agitation :**

কয়েকদিন ধরে বিদ্যুৎ না থাকায় পশ্চিম জেলার জেলা ও দায়রা আদালতের কাজ কর্ম ব্যাহত হয়। আদালতে বিদ্যুৎ পরিসেবা স্বাভাবিক করার দাবিতে আজ ফায়ার ব্রিগেড চৌমুহনীতে আইনজীবীরা পথ অবরোধ করেন। বরিষ্ঠ আইনজীবী সঞ্জীব দত্ত চৌধুরী জানান, বিদ্যুৎ না থাকায় গত তিনদিন ধরে আদালতের কাজকর্ম বন্ধ হয়ে রয়েছে এবং পানীয় জলেরও সংকট চলছে।

****************************

**DYF Deputation :**

বিদ্যুৎ পরিষেবা দ্রুত স্বাভাবিক করার দাবিতে আজ বিদ্যুৎ নিগমের কাছে দাবি জানিয়েছে ডিওয়াইএফআই। সংগঠনের উদ্যোগে মেলারমাঠ ছাত্রযুব ভবন থেকে মিছিল করে সংগঠনের সদস্যরা বিদ্যুৎ নিগমের টিআরটিসি অফিসের সামনে গিয়ে বিক্ষোভ দেখান। সিনিয়র ম্যানেজারের সঙ্গে দেখা করেন তারা। সংগঠনের সদর বিভাগের সম্পাদক জয়দীপ রাউত এবং রাজ্য সম্পাদক নবারুন দেব মিছিলে উপস্থিত ছিলেন।

***************************

**Police recovery :**

আগরতলার গোয়ালাবস্তি এলাকায় অভিযান করে আজ এক মহিলা সহ পাঁচ নেশা কারবারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। এনসিসি থানার ওসি সুশান্ত দেব দুপুরে এক সাংবাদিক সম্মেলনে জানান, গোয়ালাবস্তিতে নেশাদ্রব্য বিক্রি হওয়ার খবর পেয়ে পুলিশ অভিযান করে তাদের আটক করে। ধৃতদের কাছ থেকে চারশো কৌটা ব্রাউন সুগার, তিন হাজার খালি কৌটা এবং এক লক্ষ ২৫ হাজার ৪১০ টাকা পাওয়া গেছে। ধৃতদের পুলিশ রিমান্ড চেয়ে আদালতে হাজির করা হবে বলে ওসি জানান।

***************************

**Press Meet-North Tripura :**

উত্তর ত্রিপুরা জেলায় পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরণের প্রস্তুতি নেওয়া হয়েছে। জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক দেবপ্রিয় বর্ধন আজ ধর্মনগরে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, উত্তর ত্রিপুরা জেলার ৭টি বিধানসভা কেন্দ্রের

গণনা জেলার ৩টি মহকুমায় অনুষ্ঠিত হবে। কদমতলা-কুর্তি, বাগবাসা, ধর্মনগর, যুবরাজনগর বিধানসভা কেন্দ্রের গণনা ধর্মনগরে হবে। তাছাড়া পানিসাগর বিধানসভা কেন্দ্রের গণনা পানিসাগরে এবং পেচারথল ও কাঞ্চনপুর বিধানসভা কেন্দ্রের গণনা হবে কাঞ্চনপুরে।

*************************

**Post Flood Situation :**

ঊনকোটি জেলাতে বন্যা পরিস্থিতির অনেক উন্নতি হয়েছে। দেও ও মনু নদীর জলস্তর নেমে এসেছে। ত্রানশিবিরে আশ্রিত অনেকেই আজ নিজ বাড়ীঘরে ফিরে গেছেন। বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ জানান, দশটি শিবিরের মধ্যে চারটি শিবির বর্তমানে খোলা রয়েছে। এই শিবিরগুলোতে 44টি পরিবারের 206 জন মানুষ রয়েছেন। আগামীকালের মধ্যে এরাও নিজ নিজ বাড়িঘরে ফিরবেন বলে আশা করা হচ্ছে।

এদিকে আজ বিকালে কৈলাশহরে ডি,এম কনফারেন্স হলে জেলা শাসক দিলীপ কুমার চাকমা'র সভাপতিত্বে এক প্রশাসনিক বৈঠকে বন্যা পরবর্তী পরিস্থিতির পর্যালোচনা করা হয়েছে।

****************************

**Malaria-Dhalai :**

ধলাই জেলা জুড়ে ম্যালেরিয়া পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্য দপ্তর এবং জেলা প্রশাসন যৌথভাবে ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। জেলাশাসক সাজু ওয়াহিদ এ আজ শিকারিবাড়ী এলাকা পরিদর্শন

করেন এবং ম্যালেরিয়ার জীবাণু পরীক্ষা করতে গিরিবাসীদের উৎসাহিত করেন।

জেলা ম্যালেরিয়া অফিসার ডা: অসিতকুমার পাল জানান এখন পর্যন্ত ধলাই জেলায় ৯ হাজার ১১৬ জনের রক্ত পরীক্ষা করা হয়েছে তার মধ্যে ৩৪৭ জনের রক্তে ম্যালেরিয়ার জীবাণু পাওয়া গেছে। যারা আক্রান্ত হয়েছেন তাদের উপযুক্ত চিকিৎসা পরিষেবা প্রদান করা হচ্ছে।

***************************

**First Division :**

ঘরোয়া প্রথম ডিভিশন ক্রিকেটের সুপার ফোরের একটি খেলা আজ ড্র হয়েছে। অপর খেলাটি বাতিল হয়ে যায়। নরসিংগড়ের পিটিএ মাঠে দুদিনের খেলার শেষ দিনে কসমোপলিটান ক্লাব ও চলমান সংঘের খেলাটি অনুষ্ঠিত হয়। ম্যাচটি ড্র হলেও চলমান প্রথম ইনিংসে লিড নিয়ে তিনটি মূল্যবান পয়েন্ট পায়। অপরদিকে নরসিংগড়ের টিআইটি মাঠ খেলার উপযোগী না থাকায় হার্ভে ক্লাব ও পোলস্টার ক্লাবের খেলাটি বাতিল হয়।

**************************